



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০০১.০০.০৭১.২০১৩- ২০৮০

তারিখঃ ১৮ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, ময়মনসিংহ।

বিষয়ঃ নেত্রকোণা জেলার মদন উপজেলাস্থ ২০০ মেঃ টন সার গুদামের বকেয়া ভাড়া পরিশোধসহ স্থাপনাসমূহ হস্তান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর আওতাধীন নেত্রকোণার মদনস্থ ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনা বিভিন্ন পর্যায়ে সম্পাদিত চুক্তির মাধ্যমে ০১/০৪/২০০৩ হতে ৩১/০৩/২০১৫ তারিখ পর্যন্ত ধারাসমূহ অনুসরণপূর্বক মেসার্স তাইফ খান এণ্টারপ্রাইজ এর অনুকূলে ভাড়া প্রদান করা হয়। কিন্তু চুক্তিপত্রের ধারাসমূহ লংঘন করে অবৈধভাবে খালি জায়গায় বিভিন্ন ধরনের স্থাপনা নির্মাণ করায় চুক্তি বাতিলের নোটিশ প্রদান করা হয়। নোটিশ জারীর তারিখ হতে (নোটিশ জারীর তারিখ ১০/০৬/২০১২) আগামী ৯০ দিনের মধ্যে সমুদয় বকেয়া ভাড়া পরিশোধপূর্বক স্থাপনাসমূহ হস্তান্তরের জন্য ভাড়াটিয়াকে পত্র দেয়া হয়। এর প্রেক্ষিতে উক্ত নোটিশের বৈধতা চ্যালেঞ্জ করে ভাড়াটিয়ার মাধ্যমে আদালতে একটি মামলা দায়ের করা হয়। পরবর্তীতে তাঁর মাধ্যমে দায়েরকৃত মামলাটি ০১/০৩/২০১৬ তারিখে আদালত কর্তৃক খারিজ করা হয় এবং বিএডিসি'র পক্ষে রায় প্রদান করা হয়। উক্ত রায় অনুসরণপূর্বক ২৪ নভেম্বর, ২০১৬ তারিখের ৮১২ নং স্মারকের মর্মানুযায়ী সমুদয় বকেয়া ভাড়া আদায়সহ উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার দপ্তরকে পত্র দেয়া হয়। পরবর্তীতে আপনার দপ্তর হতে বর্ণিত বিষয়ের উপর কোন তথ্য পাওয়া যায়নি। এমনকি উচ্ছেদের জন্য আপনার মাধ্যমে কি ব্যবস্থা গৃহীত হয়েছে, উচ্ছেদ হয়েছে কিনা, স্থাপনাসমূহ হস্তান্তর করেছেন কিনা অথবা এখনও স্থাপনাসমূহ জনাব সিরাজুল ইসলাম খান বাচ্চু কর্তৃক ব্যবহৃত হচ্ছে কিনা সে বিষয় সম্পর্কে আলোচ্য বিভাগ অবহিত নয়।

০২. এমতাবস্থায়, যাচিত বিষয়ের উপর সুস্পষ্ট তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. সচিব, বিএডিসি, ঢাকা।
৪. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, ময়মনসিংহ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরকে অবহিতকরণের অনুরোধসহ)।
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।